

মহান স্বাধীনতা দিবসে শহীদদের স্মৃতিতে বশেমুরবিপ্রবিপি'র শ্রদ্ধা

সমকাল প্রতিবেদক

🕒 প্রকাশ: ২৬ মার্চ ২৩ | ১৪:১২ | আপডেট: ২৬ মার্চ ২৩ | ১৪:১২



জাতীয় স্মৃতিসৌধে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরিবার। ছবি-সমকাল

মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে মুক্তিযুদ্ধের বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর (বশেমুরবিপ্রবিপি)।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন রোববার সকালে রাজধানীর সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. অলক কুমার সাহা ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন।

এর আগে সকালে বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ লিয়াজেঁ অফিসে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসটির কর্মসূচি শুরু হয়। পরে উপাচার্য ড. কাজী সাইফুদ্দীনের নেতৃত্বে এবং বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে একটি র্যালি অনুষ্ঠিত হয়।

